# বাইবেল সম্মতভাবে আপনার শিশুদের সর্ব্বশক্তিমান ঈশ্বরের বিষয়ে শিক্ষা দিন

**আপনি যদি এখনও শিক্ষানবীশ মেষপালকের প্রশিক্ষকদের P-T study A0f না পাঠ করে থাকেন তবে দয়া করে এখনই পাঠ করুন।**

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, যিহোশূয়ের মত বাবা-মাদের তাদের সন্তানদের তোমার বাধ্য হতে শিক্ষা দিতে সাহায্য কর।''

বর্তমান প্রয়োজন এবং স্থানীয় রীতি অনুসারে কার্যকলাপ পছন্দ করুন।


**১. আপনার শিশুদের শিক্ষাদানের জন্য প্রার্থনা এবং ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় প্রস্তুত করুন**

**পটভূমি ঃ** ঈশ্বর তাঁর লোকদের মিসরের দাসত্ব থেকে উদ্ধার করার পর, তারা প্রতিজ্ঞাত দেশে প্রবেশ না করে তাঁর অবাধ্য হয়েছিল। সেখানে যে দুষ্ট প্রতিমা পূজকরা বাস করতেন তাদেরকে ভয় করেছিল। পবিত্র ঈশ্বর তাদের চল্লিশবছর প্রান্তরে থাকতে দিয়েছিলেন, কারণ তারা অবিশ্বাস করেছিল। পরে, তারা যখন যর্দন নদী অতিক্রম করেছিল, সেটা ছিল এক মহা ঐতিহাসিক ঘটনা; কারণ অবশেষে ঈশ্বরের লোকেরা প্রতিজ্ঞাত দেশে প্রবেশের জন্য বিশ্বাস ও সাহস লাভ করেছিল।

**যিহোশূয় ৩ঃ১৪ - ৪ঃ৬ পদে খুঁজে দেখুন**

- ঈশ্বর কেন তাঁর লোকদের যর্দন নদীর নিকটে পাথরের স্তূপ করতে বলেছিলেন। (উত্তর ঃ যিহোশূয় ৪ঃ৬-৭, নিস্তার পর্ব্বের ভোজের মত পাথরগুলো শিশুদের স্মরণ করতে সাহায্য করবে যে ঈশ্বর তাদের জন্য কত মহান কাজ করেছিলেন। যাত্রা ১২ঃ২৬-২৭ পদের সঙ্গে তুলনা করুন।)
- কোন ইস্রায়েলীয়গণ প্রথম যর্দন নদীর মধ্যে গিয়েছিলেন ? সেই বিষয়টি গুরুত্বপূর্ণ ছিল কেন ?

  (উত্তর ঃ যিহোশূয় ৩ঃ১৪, যাজকগণ যাঁরা পবিত্র নিয়ম সিন্দুক বহন করছিলেন তারা প্রথম গিয়েছিলেন। এই ধরনের কাজ ঈশ্বরের উপস্থিতির প্রতীক, ইহা প্রদর্শন করে যে তিনি তাদের পূর্বে গমন করেন, ঠিক যীশু যেমন আমাদের জন্য প্রতিজ্ঞাত দেশ অর্থাৎ স্বর্গে যাবার পথ পরিষ্কার করার জন্য আমাদের পূর্বে গেছেন।)
- যাজকগণ যখন নিয়ম সিন্দুক বহন করে নদীর মধ্যে পা রাখলেন, তখন কি ঘটেছিল ? (যিহোশূয় ৩ঃ১৫)
- বার জন নেতা নদীর মধ্যস্থান থেকে কি নিয়েছিলেন ? (যিহোশূয় ৪ঃ৩)
- নদী থেকে পাথর নিয়ে নেতারা কোথায় রেখে ছিলেন ? (যিহোশূয় ৪ঃ৮)



শিশুদের খ্রীষ্টিয় নির্দেশ দিন এবং শৃঙ্খলাবদ্ধ করুন।

- পিতাদের তাদের সন্তানদের অধিক প্রশিক্ষণ দিতে হবে (ইফি ৬ঃ৪)।
- শিশুদের সঙ্গে দৈনিক প্রার্থনা এবং বাইবেল অধ্যয়ণ করতে হবে (২ বিবরণ ৬,৭ অধ্যায়)।
- এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মে শিশুদের মাধ্যমে ঈশ্বরের বাক্য বর্ণনা করুন (গীত ৭৮ঃ৩-৭)।
- ঈশ্বরের বাক্য থেকে শিশুদের সরাসরি শিক্ষা দিন (২ বিবরণ ৩১ঃ১২)। তাদের বাইবেলের গল্প বলুন।
- খুব ছোট শিশুদের বিভিন্ন ক্রিয়া করতে দিন। তাদের নোহের বিষয় বলুন, পশুদের অভিনয় করতে দিন, খরগোশের ত লাফাতে দিন এবং সিংহের মত গর্জন করতে দিন।
- খুব ছোট শিশুরা খুব কম সময় মনেযোগ দিতে পারে, সুতরাং তাদের দীর্ঘগল্প শোনার জন্য জোড় করবেন না।

- বড় শিশুরা ছোটদের সাহায্য করবে। সমবয়সী শিশুদের মধ্যে সর্বদা শ্রেণীবদ্ধ করার বিষয়টিকে এড়িয়ে চলুন।
- বড় শিশুদের বিভিন্ন বিষয় তৈরী করতে দিন এবং বাইবেলের গল্প অভিনয় করতে দিন এবং খেলতে দিন।
- বিভিন্ন ঐকান্তিক বিষয়ে প্রার্থনার জন্য শিশুরা বড়দের সঙ্গে যোগ দিতে পারে, ইষ্রা ১০ঃ১;২ বংশা২০ঃ১২-১৩ পদ।
- শিশুদের বিভিন্ন পবিত্র অনুষ্ঠানে এবং পর্ব্ব উদ্‌যাপনে যোগ দিতে দিন, নহিমিয় ১২ঃ৪৩ পদ।
- ঐকান্তিক আরাধনায় ঈশ্বরের প্রশংসা করার জন্য শিশুদের বড়দের সঙ্গে যোগ দিতে দিন, গীত ১৪৮ঃ১৩-১৪; মথি ২১ঃ১৫-১৬।
- যীশুর শিক্ষা শোনার জন্য শিশুদের বড়দের সঙ্গে যোগ দিতে দিন, মথি ১৪ঃ২১
- শিশুরা যখন মন্দ কাজ করে, তখন তাদের প্রেমে সংশোধন করুন, ক্রোধের সঙ্গে নয়, হিতোপদেশ ২৩ঃ১৩; ইব্রীয় ১২ঃ৬-১১পদ।
- এড়িয়ে গেলে শিশুরা ক্রুদ্ধ হয়ে যায়। বাবা মা অথবা শিশুরা অভিশাপ নিয়ে আসে, ইফি ৬ঃ১-৪; মালাখি ৪ঃ৬
- নিষ্পাপ শিশুদের অপরাধমূলক কাজ করানোর বিষয় এড়িয়ে চলুন, মথি ১৮ঃ১-৬
- শিশুদের যীশুর প্রেম এবং ক্ষমার বিষয় আশ্বাস দিন। মার্ক ১০ঃ১৩-১৬
- আপনি যদি আপনার শিশুদের সংশোধন করেন তবেই আপনার মেষপালক প্রাচীনদের ন্যায় সেবা করা উচিৎ, ১ তীমথিয় ৩ঃ৪-৫

২. **পরবর্তী সপ্তাহ যাবৎ আপনি যে কার্যকলাপগুলো করবেন সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

- শিশুদের ঘরে কিভাবে শিক্ষা দিতে হয় তা দেখানোর জন্য বাবা মায়ের কাছে পরিদর্শন করুন।
- ভাগ ১ এর অধীনে নির্দেশের যে তালিকা প্রদত্ত হয়েছে তা ব্যবহার করে যারা তাদের শিশুদের শিক্ষা দেন তাদের নির্দেশ দিন।
- অখ্রীষ্টিয় পরিবারগুলোকে তাদের শিশুদের কার্যকলাপে অংশ নিতে আমন্ত্রণ জানান যেন তারাও উপভোগ করতে পারে।

৩. **আসন্ন আরাধনার সময়ের কার্যকলাপের জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

ব্যাখ্যা করুন ঈশ্বর কেন তাঁর লোকদের যর্দণ নদীর ধারে পাথর স্তূপীকৃত করতে বলেছিলেন (ভাগ ১ দেখুন)।

ব্যাখ্যা করুন শিশুদের কিভাবে নির্দেশনা দিতে হবে এবং শৃঙ্খলাবদ্ধ করতে হবে (ভাগ ১ দেখুন)

যর্দন নদী অতিক্রমের গল্পটির অংশগুলো নাটকে পরিণত করুন। শিশুদের সাহায্য করতে বলুন।

- বড়দের বর্ণনাকারী, যিহোশূয় এবং প্রস্তরবাহকের ভূমিকায় অভিনয় করতে দিন। মঞ্চের কাছেই প্রস্তর বাহকদের বড় বড় পাথর প্রস্তুত করে রাখতে হবে।
- শিশুদের ইস্রায়েলীদের এবং চারজন যাজকদের ভূমিকায় অভিনয় করতে দিন। (তারা একটি বড় বাক্স বহন করবে অথবা বহন করার ভান করবে।)

**বর্ণনাকারী ঃ** গল্পটির প্রথম অংশটি পাঠ করবে (যিহোশূয় ৩ঃ১৪-১৭)। তারপরে বলবে, "শুনুন, যারা প্রতিজ্ঞাত দেশে প্রবেশ করতে যাচ্ছেন সেই ইস্রায়েলীয়দের যিহোশূয় কি বলছেন।"

**যিহোশূয় ঃ** "আমরা যর্দন নদী পাড় হব। ইহা প্লাবিত হচ্ছে, কিন্তু ঈশ্বর আমাদের শুষ্ক ভূমি দিয়ে অতিক্রম করতে দেবেন। আপনারা দেখুন ঈশ্বর কি করবেন। যাজকগণ, আপনারা ঈশ্বরের নিয়ম সিন্দুক বহন করুন। জলে পা রাখুন।"

**চারজন যাজক ঃ** মাথার উপরে বাক্স বহন করে পাথরের দিকে এগিয়ে যাবেন। তারপর বলবেন, "জোয়ারের দিকে দেখ, জলরাশি কি ভয়ঙ্কর ভাবে স্ফীত হয়ে উঠছে!" (পাথর অতিক্রম করে নদীর দিকে এগিয়ে যাবেন।)

**ইস্রায়েলীয়গণ (যে কোন সংখ্যক) ঃ** যাজকদের অনুসরণ করে নদীর দিকে এগিয়ে চল। এখন আর পাথর তোলার দরকার নেই। এই কথা বলতে বলতে চল, "ঈশ্বর নদীকে পশ্চাতে ধরে রাখবেন! "অলৌকিক!" ঈশ্বর আমাদের সাহায্য করবেন!"

**বর্ণনাকারী ঃ** যিহোশূয় ৪ঃ১-৭ পদ থেকে গল্পের দ্বিতীয় অংশটি বলবেন। তারপর বলবেন, "শুনুন, যিহোশূয় ইস্রায়েলের বারটি গোষ্ঠীর নেতাদের কি বলছেন।"

**যিহোশূয়ঃ** ''এখন সবাই পার হয়ে গেছে, নদীর মধ্যস্থান থেকে ১২টি বিরাট পাথর তোলার জন্য বার জন শক্তিশালী লোককে পছন্দ কর। এই পাথরগুলো আমাদের সন্তানদের স্মরণে সাহায্য করবে, যে ঈশ্বর আজ কি করছিলেন।''

**প্রস্তর বাহকগণঃ** পাথর তুলে নিয়ে তারা এমন ভান করবে যে পাথরগুলো অত্যন্ত ভারী। যেখানে যাজকগণ দাঁড়িয়ে আছেন, সেখানে তারা পাথরগুলো স্তূপীকৃত করে রাখবে।

**ইস্রায়েলীয়গণঃ** ''এই পাথরের স্তূপের অর্থ কি?''

**যিহোশূয়ঃ** ''এই স্তূপটি তোমাদের মনে করিয়ে দেবে আজ ঈশ্বর তোমাদের জন্য কি করেছিলেন?''

**বর্ণনাকারীঃ** এখানেই নাটকটির সমাপ্তি। যারা এই নাটকটি করতে স্রাহায্য করেছেন তাদের সকলকে অজস্র ধন্যবাদ।

আর কি কি উপায়ে আমরা ঈশ্বরের কাজ .... করতে পারি সেই বিষয়ে আলোচনা করুন।

শিশুদের ঘরে শিক্ষাদানের মাধ্যমে কিভাবে আর্শীবাদ পাওয়া যায় সেই বিষয়ে বিশ্বাসীদেরর সাক্ষ্য দিতে দিন।

শিশুরা যা প্রস্তুত করেছে তা তাদের উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজের বিষয়টির পরিচিতির জন্য লূক ১১ঃ১০-১৩ পদ পাঠ করুন। ব্যাখ্যা করুন যে প্রভুর ভোজের বিষয়টি একটি উত্তম উপহার যা ঈশ্বর তাঁর সন্তানদের দিয়েছেন।

ইফিতীয় ৬ঃ৪ পদটি মুখস্থ করুন।

প্রার্থনা করার জন্য, ঘরে এবং সভাচলাকালীন শিশুদের শিক্ষাদানের নিশ্চিত করতে এবং পরস্পরকে উৎসাহিত করার জন্য দু-তিন জনের কয়েকটি দল গঠন করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net